

# বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০

## পুরাতন গাড়ী বিক্রয়ের টেন্ডার বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের নিম্নবর্ণিত পেট্রোল/সি.এন.জি চালিত ২টি কার "যেখানে যে অবস্থায় আছে" তার ভিত্তিতে ক্রয় করতে ইচ্ছুক প্রতিষ্ঠান/ক্রেতা সাধারণের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে সীলগালাবদ্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	নিবন্ধন নম্বর	ব্রান্ড/তৈরির সন	গাড়ীর ধরণ / আসন সংখ্যা	ইঞ্জিন নম্বর	চেসিস নম্বর	সিসি	পরিদর্শনের স্থান
১।	ঢাকা মেট্রো- খ-১৪-০১২৪	নিশান কার (জাপান অরিজিন) এসি বিহীন/২০০০ইং	সিডান কার/ ০৫ আসন (চালকসহ)	QG13- 216901	JINICEAN16 ZO-000706	১৩০০	বিএইচবিএফসি ভবন, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
২।	ঢাকা মেট্রো- খ-১২-২৯২৭	মিৎসুবিসি ল্যান্সার কার (জাপান অরিজিন) এসি বিহীন/২০০৬ ইং	সিডান কার/ ৫ আসন (চালকসহ)	4G13H S1883	JMYSNCS1A 7U003761	১২৯৯	বিএইচবিএফসি ভবন, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

- আগ্রহী টেন্ডার দাতাগণ নিজ দায়িত্বে এবং খরচে উপরোল্লিখিত ঠিকানায় রক্ষিত গাড়ী ২(দুই)টি (কাগজপত্রাদিসহ) আগামী ০৪.০৬.২০১৭ খ্রিঃ তারিখ রোজ রবিবার পর্যন্ত প্রতি কর্ম দিবসে অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করতে পারবেন।
- সাদা কাগজে বা লেটার হেড প্যাডে প্রতিটি গাড়ীর রেজিস্ট্রেশন নম্বরসহ পৃথক পৃথক দর উল্লেখ পূর্বক টেন্ডার দাখিল করতে হবে এবং সীলমোহরকৃত কভার/খামের উপরে টেন্ডার বিজ্ঞপ্তিতে উল্লেখিত ক্রমিক নম্বর ও গাড়ীর নম্বর লিখতে হবে।
- যে কোন আগ্রহী ক্রেতা এক বা একাধিক গাড়ী কেনার জন্য টেন্ডার দাখিল করতে পারবেন।
- সীল মোহরকৃত টেন্ডার নিম্ন লিখিত ঠিকানা সমূহে রক্ষিত যে কোন একটি টেন্ডার বাক্সে আগামী ০৫.০৬.২০১৭ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ০২.০০ ঘটিকার মধ্যে দাখিল করা যাবে। ঐ দিনই সংশ্লিষ্ট ঠিকানায় বিকাল ২.৩০ মিনিটে উপস্থিত টেন্ডারদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্সে প্রাপ্ত টেন্ডারগুলো খোলা হবে।

বিএইচবিএফসি, সংস্থাপন ও সাধারণ সেবা বিভাগ, বিএইচবিএফসি ভবন, ২য় তলা, ২২, পুরানা পল্টন, ঢাকা।	বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, কমিশনার বিল্ডিং, সেগুনবাগিচা, ঢাকা।
--	---

- প্রত্যেকটি টেন্ডারের সাথে অবশ্যই "বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন", সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর অনুকূলে প্রতিটি গাড়ীর জন্য দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর ৭% হারে আর্নেস্টমানি পৃথক পৃথক ভাবে যে কোন তফসিলভুক্ত ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দাখিল করতে হবে।
- কৃতকার্য দরদাতার নামে কার্যাদেশ জারীর ৭ (সাত) দিনের মধ্যে টেন্ডারে উদ্ধৃত দরের (গাড়ীর সম্পূর্ণ মূল্য) এবং উক্ত মূল্যের উপর প্রযোজ্য ক্ষেত্রে সরকারী ভ্যাট, ট্যাক্স ও অন্যান্য সরকারী কর (যদি থাকে) বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সংস্থাপন ও সাধারণ সেবা বিভাগে জমা দিতে হবে। গাড়ীর উদ্ধৃত সম্পূর্ণ মূল্য এবং প্রযোজ্য সরকারী ভ্যাট, ট্যাক্স ও অন্যান্য সরকারী কর পরিশোধ করার পর কার্যাদেশে উল্লেখিত নির্ধারিত দিনের মধ্যে নিজ ব্যয়ে ও দায়িত্বে বর্তমান অবস্থান হতে গাড়ী ডেলিভারী নিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত হবে।
- টেন্ডারে উল্লেখিত দর অংকে এবং কথায় স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। অসমাপ্ত, কাঁটাকাঁটি, ঘষামাজা বা একাধিক লেখা সম্বলিত টেন্ডার গ্রহণযোগ্য হবে না। টেন্ডারে পূর্ণাঙ্গ নাম, ঠিকানা, এবং টেলিফোন/মোবাইল নম্বর উল্লেখ পূর্বক টেন্ডার দাতার স্বাক্ষর ব্যবহার করতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন বা সকল টেন্ডার গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- কোন বিষয়ে কোন প্রকার আপত্তি/জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তই কার্যকর হবে।

উপ-মহাব্যবস্থাপক  
সংস্থাপন ও সাধারণ সেবা বিভাগ